

## সভা নং-০২

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ নাজনীন নাহার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
চৌগাছা, যশোর।

স্থান : উপজেলা সমবায় অফিসারের কার্যালয়  
তারিখ : ২৯/০৬/২০২২ খ্রিঃ  
সময় : বেলা ১১.০০ টা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর :


ক্রঃ নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ নাজনীন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব দেবশীষ মিশ্র জয় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব রিয়াসাত ইমতিয়াজ উপজেলা প্রকৌশলী, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মেহেদী মাসুদ চৌধুরী চেয়ারম্যান, ১নং ফুলসরা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ আবুল কাশেম চেয়ারম্যান, ৫নং চৌগাছা ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ মমিনুর রহমান চেয়ারম্যান, ৪নং ধুলিয়ানী ইউপি, চৌগাছা, যশোর।	সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ অহিদুর রহমান উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

অধ্যকার উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটির সভা মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় অধ্যকার আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। এরপর সদস্য সচিব সাহেব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

আলোচ্য সূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত :	অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্য-সচিব জনাব মোঃ অহিদুর রহমান সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।	--
২। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের সদস্যদের আয়-বর্ধকমূলক প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :	সভায় সদস্য সচিব সাহেব জানান যে, চৌগাছা উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধাধিকারভুক্ত ০৪(চার)টি আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় গঠিত ০৪(চার)টি আশ্রয়ন ফেইজ-২ বহুমুখী সমবায় সমিতির অধীনে প্রায় ৩০০ (তিনশত) জন সদস্য রয়েছেন। সবসদস্যই হতদরিদ্র শ্রেণীর। তাঁদের কর্মসংস্থান ও কর্মসৃজনের লক্ষ্যে প্রয়োজনীয় আয়-বর্ধকমূলক প্রশিক্ষণ প্রয়োজন। তাঁদের আয় বৃদ্ধির জন্য বিভিন্ন টেক্সটাইল প্রশিক্ষণ, যেমন-ভ্যান, রিক্সা ও বাইসাইকেল মেরামত প্রশিক্ষণ, ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ এবং মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ, ব্লক বাটিক, মাশরুম চাষ, হাঁস-মুরগী পালন, আধুনিক বিজ্ঞানসম্মত পদ্ধতিতে ছাগল পালন, মৌ চাষ ইত্যাদি। সেই জন্য সদস্য সচিব সাহেব ২০২১-২০২২ অর্থ বর্ষে চৌগাছা উপজেলায় আশ্রয়ন ফেইজ-২ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সদস্যদের	উপজেলা সমবায় অফিসার, চৌগাছা, যশোর।

<p>নিম্নে ৫(পাঁচ)টি ব্যাচে ২০(বিশ) জন করে সর্বমোট ১০০(একশত) জন সমবায়ীর প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তাব প্রদান করেন।</p> <p>উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :</p> <p><u>সিদ্ধান্ত :</u></p> <p>২০২১-২০২২ অর্থ বর্ষে চৌগাছা উপজেলায় আশ্রয়ন ফেইজ-২ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর সদস্যদের নিয়ে ৫(পাঁচ)টি ব্যাচে ২০(বিশ) জন করে সর্বমোট ১০০(একশত) জন সমবায়ীর প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রকল্প তৈরিপূর্বক দাখিল করার জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।</p>	
--	--

অতঃপর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আহিদুর রহমান)

সদস্য সচিব

উপজেলা “অর্থ বাজেট ও পরিকল্পনা” বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা সমবায় অফিসার

চৌগাছা, যশোর।